

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৩১১. চরমপন্থা পরিহার করা

মুতারিরফ ইবনে আব্দুল্লাহ বলেছেন- "সবচেয়ে খারাপ ভ্রমণ হল হারুহারাহ।" এমন ভ্রমণকে বলে যাতে ভ্রমণকারী বেগে ধানিত হয় ফলে সে নিজে ও তার বাহন উভয়ই ক্লান্ত হয়ে পড়ে। একখানি হাদীসে আছে, নবীজী সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, সবচেয়ে খারাপ নেতা সে, যে নাকি তার অধীনস্তদের প্রতি খুবই কঠোর আচরণ করে। মনে রাখুন যে, উদারতা হল অপচয় ও কৃপণতার মাঝামাঝি আর সাহস হল কাপুরুষতা ও বেপরোয়াভাবের মাঝামাঝি। মুচকি হাসি হলো ভ্রুকটি ও অউহাসির মাঝামাঝি। ধৈর্য হলো কঠোরতা ও খুঁতখুঁতে ভাবের মাঝামাঝি। অপচয় ও বাড়াবাড়ির একটি ঔষুধ আছে; তা হলো আবেগের একাংশ খুলে ফেলা। আর অবহেলার চিকিৎসা হলো দৃঢ় ইচ্ছার শক্তিশালী স্তরে উন্নীত করার মাধ্যমে কষাঘাত করে নিজেকে গঠন করা। "আমাদেরকে সরল-সঠিক পথ প্রদর্শন করুন- তাদের পথ যাদের উপর আপনি করুণা করেছেন- যারা অভিশপ্তও নয়" (১-সূরা ফাতিহাঃ আয়াত-৬-৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7819

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন